গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(সাধারণ শাখা)
www.pirojpur.gov.bd

স্মারক নং- ০৫.২০.৭৯০০.০০৮.০৮.০৭৪.২৬.১৮০ তারিখঃ ৫/৩/২৬খ্রি:

## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ এর আলোকে এবং কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ এর স্মারক নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৮; তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি. মোতাবেক পিরোজপুর জেলার ০৭(সাত) টি উপজেলার বিভিন্ন ইউনিয়নের মোট ১১৯(একশত উনিশ) টি শূন্য ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**বিভিন্ন উপজেলার শূন্য ডিলার ইউনিটের তালিকা ঃ**

| উপজেলা | ইউনিয়ন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলারের কার্য এলাকা (ওয়ার্ড নং উল্লেখসহ) |
|---|---|---|
| পিরোজপুর সদর (শূন্য পদ-১৬ টি) | টোনা | চলিশাবাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | তেজদাসকাঠী বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | মূলগ্রাম বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | কদমতলা | কদমতলা বাজার উত্তর পাড়, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | কদমতলা বাজার দক্ষিণ পাড়, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | শুদিঘাটা বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | শিকদারমল্লিক | শিকদারমল্লিক বাজার, কার্য এলাকা ১,২,৪ নং ওয়ার্ড। |
| | | জুজখোলা বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | দুর্গাপুর | দুর্গাপুর, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | চুঙ্গাপাশা বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | কলাখালি | উদয়কাঠী বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | দাউদপুর বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | শারিকতলা | শারিকতলা বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | শনিরহাট বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | শংকরপাশা | মোল্লাবাড়ী বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | দক্ষিণ শংকরপাশা, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| কাউখালী (শূন্য পদ-১৩ টি) | সয়না রঘুনাথপুর | পোলের হাট, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | ধাবরি বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | মেঘপাল বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | আমরাজুড়ী | গন্ধর্ব চৌরাস্তা বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | সোনাকুর মিনা বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | কাউখালী সদর | নাঙ্গুলী বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | কাঠালিয়া বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | চিড়াপারা | চিড়াপারা বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | গাজিরুল্লাহ বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | বেকুটিয়া বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | শিয়ালকাঠী | শিয়ালকাঠী চৌরাস্তা বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | শংকরপুর বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | মোল্লার হাট, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| নাজিরপুর (শূন্য পদ-১৫ টি) | মাটিভাঙ্গা | বানিয়ারী, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | মালিখালি | ঝনঝনিয়া, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | যুগিয়া, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | দেউলবাড়ি দোবরা | দেউলবাড়ি, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | মনোহরপুর, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | দীর্ঘা | দীর্ঘা, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | শাখারীকাঠী | চালিতাবাড়ি, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | বুড়িখালী, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | গিলাতলা, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | নাজিরপুর সদর | কুমারখালী, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | তারাবুনিয়া, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | সেখমাটিয়া | রামনগর, কার্য এলাকা ৪,৭,৮ নং ওয়ার্ড। |
| | | সেখমাটিয়া, কার্য এলাকা ৫,৬,৯ নং ওয়ার্ড। |
| | কলারদোয়ানিয়া | খলনী, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | কলারদোয়ানিয়া, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| মঠবাড়িয়া (শূন্য পদ-২৬ টি) | তুষখালী | জানখালী, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | শুদিঘাটা, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | ধানীসাফা | করিম আকন, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | আলগী বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | মিরুখালী | ভগীরথপুর, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | বড়শৌলা বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | মিরুখালী বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | দাউদখালী | রাজারহাট বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |

| উপজেলা | ইউনিয়ন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলারের কার্য এলাকা (ওয়ার্ড নং উল্লেখসহ) |
|---|---|---|
| ইন্দুরকানী (শূন্য পদ-১২ টি) | পাড়েরহাট | বাড়ৈখালী, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | লাহুরী, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | পত্তাশী | পত্তাশী, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | চরনী পত্তাশী, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | রামচন্দ্রপুর, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | বালিপাড়া | পশ্চিম বালিপাড়া, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | টেপসাবুনিয়া, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | ইন্দুরকানী | কালাইয়া, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | ভবানীপুর, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | চন্ডিপুর | চরবলেশ্বর, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | চন্ডিপুর, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | কলারণ, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| নেছারাবাদ (শূন্য পদ-২২ টি) | বলদিয়া | ডুবি বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | বিন্না বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | সোহাগদল | শহিদ স্মৃতি কলেজ সংলগ্ন, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | এন ডব্লিউ বউ বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | স্বরূপকাঠী | নয়ারহাট বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | মোদাচ্ছের মার্কেট, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | আউরিয়া দাখিল মাদ্রাসা সংলগ্ন, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | জলাবাড়ি | ইদিলকাঠী বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | পূর্ব জলাবাড়ি উঃ পঃ পাড়া বদ্ধভূমি সংলগ্ন বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | মাদ্রা বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | দৈহারী | দৈহারী, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | চিলতলা, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | গুয়ারেখা | ভরতকাঠী খেয়াঘাট, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | রাজবাড়ী বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | সমুদয়কাঠী | সেহাংগল হাটখোলা, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | সেহাংগল টেম্পুস্ট্যান্ড, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | শশীদ বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | সুটিয়াকাঠী | বালিহারী স্কুল সংলগ্ন, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | জোড়া ব্রিজ সংলগ্ন, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | সারেংকাঠী | সুমনের দোকান, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | ইসলামপুর বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | নেছারাবাদ পৌরসভা | জগৎপট্টি বাজার, কার্য এলাকা ১,২,৭ নং ওয়ার্ড। |
| ভান্ডারিয়া (শূন্য পদ-১৫ টি) | ভিটাবাড়িয়া | উত্তর ভিটাবাড়িয়া, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | কাপালির হাট, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | সেনের হাট, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | নদমূলা | নদমূলা বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | চরখালি বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | তেলিখালী | তেলিখালী বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | ইকড়ী | মাদার্শী বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | আতরখালি বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | ধাওয়া | সুবেদার মার্কেট, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | পূর্ব পশারিবুনিয়া, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | ভান্ডারিয়া পৌরসভা | মীর বাড়ি বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | গাজিপুর লোদের হাট, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | গৌরিপুর | ডাক্তারের হাট, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | পৈকখালী বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | মালিরহাট বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| মঠবাড়িয়া (শূন্য পদ-২৬ টি) | বেতমোর | কালির হাট বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | কুলুর হাট, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | আমড়াগাছিয়া | হোগলপাতী, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | আমড়াগাছিয়া, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | গিলাবাদ বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। | | সাপলেজা | হাজিগঞ্জ বাজার, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | বড়হারজী বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। | | গুলিশাখালী | গুলিশাখালী, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | মঠবাড়িয়া | দক্ষিণ মিঠাখালী, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। | | | বান্ধবপাড়া বাজার, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। |
| | | ঘটিচোরা, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। | | | টিয়ার খালী, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | টিকিকাটা | সূর্যমণি, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। | | বড়মাছুয়া | খেজুরবাড়িয়া, কার্য এলাকা ১,২,৩ নং ওয়ার্ড। |
| | | বয়াতীর হাট, কার্য এলাকা ৪,৫,৬ নং ওয়ার্ড। | | | নূর ইসলামপুর (বটতলা), কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |
| | | দখিভাংগা বাজার, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। | | পৌরসভা | থানা পাড়া, কার্য এলাকা ৭,৮,৯ নং ওয়ার্ড। |

**শর্তাবলীঃ**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।)

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

**(গ) আবেদনকারীর যোগ্যতাঃ**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০(দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(ঘ)আবেদনকারীর অযোগ্যতা:**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন।

২. কোন সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না।

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে।

**(ঙ)সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:**

১. আদেনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে:

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদ।

(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি।

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স।

(ঘ) দোকান/গুদামের মালিকানা/ভাড়ার চুক্তিনামা।

(ঙ) ব্যাংক সচ্ছলতার সনদ।

(চ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

(ছ) পূর্ব অভিজ্ঞতার প্রমাণক (যদি থাকে)।

৩. আবেদন পত্রের সাথে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০(দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর জমা দিতে হবে।

৪. সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত করা হবে। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

৫. প্রত্যেক নির্বাচিত আবেদনকারী স্থায়ী জামানত জমা প্রদানের বিষয় অবহিত হওয়ার পর ১০(দশ) কর্মদিবসের মধ্যে তফসিলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুকূলে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা জমা দিবেন। তবে নির্দিষ্ট ১০(দশ) কর্মদিবসের মধ্যে জামানতের টাকা পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং আর্নেস্টমানি বাবদ প্রদত্ত ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত করা হবে। জামানত প্রাপ্তির পর মনোনীত আবেদনকারীকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতির সঙ্গে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ডিলারশিপ চুক্তি সম্পাদন করতে হবে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

১. আবেদনপত্র দাখিলের শেষ তারিখঃ ৩১.০৩.২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;

২. আবেদনপত্র দাখিলের স্থানঃ জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পিরোজপুর এর দপ্তর।

৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


আবু সাঈদ ০৫.০৩.২০২৬
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, পিরোজপুর।